



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬৩৭

তারিখ: ১২/১০/২০২৬

বিষয় : ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে সিলেকশনপ্রাপ্ত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক **Online System** এ ভর্তি (Admit) প্রসঙ্গে।

এতদ্বারা উচ্চমাধ্যমিক পর্যায়ে দেশের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক **Online System** এ ভর্তি (Admit) আগামী ১৫/১০/২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫:০০ টার মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তি ওয়েবসাইট: (<https://xiclassadmission.gov.bd>) এর (Login) প্যানেলে (কলেজের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে) লগইন করে কলেজে সিলেকশনপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র (যেমন: এফকিউ, ইকিউ-১, ইকিউ-২ এবং এসকিউ কোটার প্রমাণক) যাচাই সাপেক্ষে অনলাইন ভর্তি (Admit) সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ভর্তিযোগ্য শিক্ষার্থীদের **Online System** এ ভর্তি (Admit) সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে ভর্তি সংক্রান্ত উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


প্রফেসর সৈয়দ আজহারুজ্জামান
সভাপতি


বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
উচ্চমাধ্যমিক পর্যায়ে দেশের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।